# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮৩

১/ বিবিধ

আরবী

ارموا، فإن أيمان الرماة لغو، لا حنث فيها ولا كفارة
باطل

رواه الطبراني في " المعجم الصغير " (ص 237) حدثنا يوسف بن يعقوب بن عبد العزيز الثقفي حدثني أبي حدثنا سفيان بن عيينة عن بهز بن حكيم عن أبيه عن جده أن النبي صلى الله عليه وسلم مر بقوم يرمون، وهم يحلفون: أخطأت والله أصبت والله، فلما رأو ارسول الله صلى الله عليه وسلم أمسكوا فقال: فذكره
قال الطبراني: تفرد به يوسف بن يعقوب عن أبيه.
قلت: وهذا إسناد ضعيف رجاله ثقات غير يوسف بن يعقوب وأبيه، قال الحافظ في ترجمة يوسف من " اللسان ": لا أعرف حاله، أتى بخبر باطل بإسناد لا بأس به، قال الطبراني في " كتاب الرمي ": حدثنا يوسف بن يعقوب بمصر ... قلت: فذكر هذا الحديث، ثم قال الحافظ: الحمل فيه على يوسف أو على أبيه، فما حدث به ابن عيينة قط، فما أظن في يوسف بن يعقوب العدل، روى عن جعفر بن إبراهيم، وعنه صدقة بن هبيرة الموصلي، قال الخطيب: مجهول

বাংলা

২৮৩। তোমরা তীর নিক্ষেপ কর, কারণ তীর নিক্ষেপকারীদের শপথ অর্থহীন, তাতে শপথ ভঙ্গ হয়না, কাফফারাও দিতে হয় না।

হাদীসটি বাতিল।

এটি তাবারানী “মুজামুস সাগীর” গ্রন্থে (পৃঃ ২৩৭) ইউসুফ ইবনু ইয়াকুব ইবনে আবদিল আযীয সাকাফী হতে, তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন। তাবারানী বলেনঃ হাদীসটি ইউসুফ তার পিতা হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ দুর্বল। ইউসুফ ইবনু ইয়াকুব এবং তার পিতা ছাড়া সকলেই নির্ভরযোগ্য বর্ণনাকারী। এ ইউসুফের জীবনী বর্ণনা করতে গিয়ে হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান” গ্রন্থে বলেনঃ আমি তার অবস্থা সম্পর্কে জানি না। তিনি বাতিল হাদীস নিয়ে এসেছেন এমন সনদে যাতে কোন সমস্যা নেই।

আমি (আলবানী) বলছিঃ “কিতাবুর রামী" গ্রন্থে তাবরানী কর্তৃক বর্ণনাকৃত হাদীসটি হাফিয উল্লেখ করে বলেছেনঃ এটির সমস্যার দায় ইউসুফ অথবা তাঁর পিতার (ইয়কুব) উপর। ইবনু উয়াইনা কখনই হাদীসটি বর্ণনা করেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন